

বাংলাদেশ দূতাবাস  
রিয়াদ, সৌদি আরব

**জরুরী বিজ্ঞপ্তি**

এতদ্বারা সৌদি আরবে বসবাসরত বাংলাদেশী, যারা সৌদি আরবে যে কোন রকম ব্যবসা/বিনিয়োগ/লাভজনক আর্থিক কার্যক্রমের সাথে জড়িত আছেন তাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যেঃ

১। সম্প্রতি রাজকীয় সৌদি সরকার “বাণিজ্যিক গোপনীয়তা বিরোধী আইন (Commercial Anti Concealment Law)” জারি করেছে (<https://mc.gov.sa/en/mediacenter/News/Pages/28-02-21-01.aspx>) এবং এই আইনের আর্টিকেল-৩ অনুযায়ী সৌদি আরবে বসবাসরত কোন বিদেশী নাগরিক কোন সৌদি নাগরিকের সহায়তায় ব্যবসা/বিনিয়োগ/লাভজনক আর্থিক কর্মকাণ্ডে জড়িত থাকলে, যার জন্য সংশ্লিষ্ট ব্যক্তি সৌদি সরকার কর্তৃক অনুমোদন প্রাপ্ত নয়, তা শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে।

২। উক্ত আইনের আওতায় সৌদি আরবে বসবাসরত সকল বিদেশী নাগরিকের, যারা নিজ অথবা অন্য নামে সৌদি আরবে বিনিয়োগ/ব্যবসা/করছেন বা লাভজনক কোন আর্থিক কর্মকাণ্ডে জড়িত আছেন, কিন্তু এ ধরনের আর্থিক কার্যক্রমের সরকারী বৈধতা নেই, তাদের ব্যবসা/বিনিয়োগ/আর্থিক কার্যক্রম আগামী ২৩ আগস্ট ২০২১ তারিখের মধ্যে সৌদি সরকারের নির্ধারিত ওয়েবসাইটে ([www.mc.gov.sa](http://www.mc.gov.sa)) প্রবেশ করে নিবন্ধনের আবেদন করতে হবে।

৩। নতুন আইনের আর্টিকেল ৯(১) অনুযায়ী আগামী ২৩ আগস্ট ২০২১ তারিখের মধ্যে নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করতে ব্যর্থ হয় তাহলে সৌদি সরকার কর্তৃক নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা হবেঃ

- সর্বোচ্চ ০৫ (পাঁচ) মিলিয়ন রিয়াল জরিমানা এবং অথবা
- ০৫ (পাঁচ) বছরের কারাদণ্ড এবং
- সমুদয় ব্যবসা ও সম্পদ বাজেয়াপ্ত।

৪। এমতাবস্থায়, সৌদি আরবে বসবাসরত বাংলাদেশী, যারা সৌদি আরবে ব্যবসা/বিনিয়োগ/লাভজনক আর্থিক কার্যক্রমের সাথে জড়িত আছেন, ২৩ আগস্ট ২০২১ তারিখের মধ্যে তাদেরকে [www.mc.gov.sa](http://www.mc.gov.sa) ওয়েবসাইটে নিবন্ধন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

**জরুরী প্রয়োজনে যোগাযোগ করুনঃ**

ইকনমিক কাউন্সিলর

বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।

মোবাইলঃ +৯৬৬৫৪১২৩১২৫৩

অনুরোধক্রমে  
দূতাবাস কর্তৃপক্ষ

দূতাবাসের ওয়েব সাইট: [www.bangladeshembassyriyadh.gov.sa](http://www.bangladeshembassyriyadh.gov.sa)

দূতাবাসের ফেসবুক পেজ: [www.facebook.com/embassyofbangladeshriyadh](http://www.facebook.com/embassyofbangladeshriyadh)